



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ।

১৬/১৯৮

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১।

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশা/খুলনা-১২০/ ১৬১৯/৮

তারিখঃ ০৭/০৩/২০১৭খ্রিঃ

বিষয় : লিগ্যাল নোটিশের জবাব প্রসঙ্গে।

সূত্র : ১) ০৩.০১.২০১৭খ্রিঃ তারিখের লিগ্যাল নোটিশ।

২) নং- বামাশিবো/প্রশা/১৮৪৯/২/নথি নং- খুলনা-১২০; তারিখঃ ১৫/১১/২০১৬খ্রিঃ

৩) নং- বামাশিবো/প্রশা/১১৫৩/নথি নং- খুলনা-১২০; তারিখঃ ২১/০৪/২০১৬খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, খুলনা জেলার ডুমুরিয়া উপজেলাধীন ডুমুরিয়া মহিলা দাখিল মাদরাসার সুপার (ভারপ্রাপ্ত) ম্যানেজিং কমিটি অনুমোদনের জন্য কাগজপত্রসহ আবেদন পত্র দাখিল করেন। দাখিলকৃত কাগজপত্র পর্যালোচনায় দেখা যায়, প্রিজাইডিং অফিসার কর্তৃক ঘোষিত নির্বাচনী তফসিল অনুযায়ী নির্বাচনের তারিখ ২০/০৩/২০১৬খ্রিঃ নির্ধারণ করা হয়, কিন্তু ০৭/০৩/২০১৬খ্রিঃ তারিখ প্রিজাইডিং অফিসার কর্তৃক নির্বাচনী ফলাফল প্রকাশ করা হয় এবং ১৩/০৩/২০১৬খ্রিঃ তারিখে ম্যানেজিং কমিটির সভাপতি নির্বাচন করা হয়।

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ (২০১২ সাল পর্যন্ত সংশোধিত) এর প্রবিধান- ২৩(১) এ 'যদি কোন শ্রেণীর সদস্য পদে উক্ত শ্রেণীর সদস্য পদের সমসংখ্যক বা তদপেক্ষা কম সংখ্যক বৈধ প্রার্থী থাকেন তাহা হইলে প্রিজাইডিং অফিসার উক্ত প্রার্থীকে বা প্রার্থীগণকে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত ঘোষণা করিবেন এবং ২৩(২)এ 'যদি কোন শ্রেণীর সদস্য পদে উক্ত শ্রেণীর সদস্য পদের অধিক সংখ্যক বৈধ প্রার্থী থাকেন তাহা হইলে সেই শ্রেণী বা শ্রেণীসমূহের সদস্য পদে নির্বাচন অন্তর্গত হইবে' মর্মে উল্লেখ রয়েছে। এছাড়া প্রবিধান- ৮(১) এ 'দাখিল স্তরের প্রত্যেক বেসরকারি মাদরাসার সভাপতি ব্যতীত অন্যান্য সদস্য নির্বাচন সম্পন্ন হইবার অনধিক সাত দিনের মধ্যে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান সভাপতি নির্বাচনের উদ্দেশ্যে ম্যানেজিং কমিটির উক্তরূপ নির্বাচিত সদস্যগণের একটি সভা আহ্বান করিবেন এবং উক্ত সভায় নির্বাচিত সদস্যগণের ন্যূনতম দুই তৃতীয়াংশের উপস্থিতি নিশ্চিত করিবেন' মর্মেও উল্লেখ রয়েছে।

উল্লেখ্য, তফসিলে ঘোষিত তারিখই নির্বাচন অনুষ্ঠানের তারিখ হিসেবে গণনাযোগ্য বিধায় উক্ত তারিখের পূর্বে নির্বাচনী ফলাফল প্রকাশ ও সভাপতি নির্বাচন করার বিষয়টি বিধি সম্মত হয়নি।

পরবর্তীতে অনুমোদনের জন্য প্রস্তাবিত ম্যানেজিং কমিটি গঠনের ক্ষেত্রে বিদ্যমান বিধি বিধান যথাযথভাবে অনুসরণ না করায় অত্র বোর্ড কর্তৃক প্রথমে সূত্রে উল্লিখিত ৩নং স্মারকে মাদরাসার সুপারকে জানিয়ে দেয়া হয় এবং পরবর্তীতে সূত্রোক্ত ২নং স্মারকে একই বিষয় উল্লেখ করে এডহক কমিটি গঠনের অনুমতি চেয়ে আবেদন দাখিল করার জন্য মাদরাসার সুপারকে পত্র দেয়া হয়।

বিষয়টি তাঁকে অবহিত করা হলো।

সংযুক্তঃ বর্ণনা মোতাবেক.....(.....) পাতা।

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ ১) জনাব মোঃ মিজানুর রহমান, এডভোকেট, ঢাকা জর্জ কোর্ট, ১৪ কোর্ট হাউজ স্ট্রিট, আসমা মঞ্জিল ২য় তলা।
২) সুপার (ভারপ্রাপ্ত), ডুমুরিয়া মহিলা দাখিল মাদরাসা, ডুমুরিয়া, খুলনা।

নং- বামাশিবো/প্রশা/খুলনা-১২০/ ১৬১৯/৮

তারিখঃ ০৭/০৩/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, ডুমুরিয়া, খুলনা।
২. জেলা শিক্ষা অফিসার, খুলনা।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ডুমুরিয়া, খুলনা।
৪. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪